বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বিগত ১১ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০১.	বিএডিসি'র জনবল সংকট সংক্রান্ত।	বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ/ সংস্থাপন বিভাগ
০২.	মাঠ পর্যায়ে বিএডিসি'র পরিবহন সংকট সংক্রান্ত।	বিএডিসি'র মাঠ পর্যায়ের পরিবহন সংকট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট উইং/ সাধারণ পরিচর্যা বিভাগ।
০৩.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মচারিদের জন্য অফিসিয়াল কর্পোরেট মোবাইল সীম কার্ড বরাদ্দ সংক্রান্ত।	বিএডিসি'র স্টোর কিপারদের উইং ভিত্তিক তালিকা প্রণয়নপূর্বক অফিসিয়াল কর্পোরেট মোবাইল সীম বিতরণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
০৪.	সংস্থার নিজস্ব আয় বৃদ্ধিকরণ সংক্রান্ত।	ক. সংস্থার নিজস্ব আয় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ. বিএডিসি'র নিজস্ব খামার/উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারে ভার্মি কম্পোস্ট উৎপাদন ও বিপণনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সকল বিভাগ।
০৫.	সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক পেজে অন্তর্ভূক্ত হওয়া সংক্রান্ত।	বিএডিসি'তে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে "বিএডিসি ভাবনা" শীর্ষক পেজে অন্তর্ভুক্ত হতে হবে।	বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারী, আইসিটি সেল, মনিটরিং বিভাগ।
০৬.	বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত।	বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ করার নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	কঃ গ্রোঃ বিভাগ।
০৭.	বিএডিসি'র অকেজো ও পুরাতন গাড়ি নিলামে বিক্রি সংক্রান্ত।	বিএডিসি'র সকল অকেজো/অচল গাড়ি নিলামে বিক্রি করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট বিভাগ।
০৮.	মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা বৃদ্ধি সংক্রান্ত।	বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে বাজেট বৃদ্ধি করতে হবে।	অর্থ বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
০৯.	বিএডিসি'র খামারসমূহের উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ সংক্রান্ত।	বিএডিসি'র খামারসমূহের উন্নয়নের জন্য একটি প্রকল্প প্রণয়ন করতে হবে।	পরিকল্পনা বিভাগ/খামার বিভাগ।
১০.	বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ সংক্রান্ত।	বিএডিসি'র পাথিলা খামারের ভূমি রক্ষার্থে জলাভূমি এলাকায় (পদ্ম গঙ্গা বিল) কাঁটা তারের মাধ্যমে সীমানা নির্ধারণ করতে হবে। এ বিষয়ে জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	খামার বিভাগ/নির্মাণ বিভাগ।
১১.	বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহৃত বিএডিসি'র সার গুদামসমূহের inventory প্রণয়ন সংক্রান্ত।	বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহৃত বিএডিসি'র সার গুদামসমূহের একটি inventory প্রণয়ন এর নিমিত্ত মহাব্যবস্থাপক (সার) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে।	সার ব্যবস্থাপনা বিভাগ।
১২.	বিএডিসি'র জমি জমাও স্থাপনাসমূহ রক্ষার্থে নির্দেশিকা প্রনয়ন সংক্রান্ত।	বিএডিসি'র জমিজমা ও স্থাপনাসমূহ রক্ষার্থে খসড়া নির্দেশিকা চূড়ান্তকরণ এর নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।	মনিটরিং বিভাগ/ সওব্য বিভাগ।
১৩.	জাতীয় শুদ্ধাচার কৌশল এর ওপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।	জাতীয় শুদ্ধাচার কৌশল এর ওপর নিয়মিত সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী সংস্থাপন বিভাগে প্রেরণ করতে হবে।	সংস্থাপন বিভাগ/মাঠ পর্যায়ের সকল যুগ্মপরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী।
১৪.	উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত।	নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের উপর ধারণা প্রদান করতে হবে।	সকল কর্মচারিবৃন্দ
১৫.	বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি (APA) সংক্রান্ত।	মাঠ পর্যায়ের দপ্তরের সাথে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি স্বাক্ষরের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ/ সকল যুগ্মপরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী।
১৬.	নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত।	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে।	সকল কর্মকর্তা/ কর্মচারি।
১৭.	মাঠ পর্যায়ে অঞ্চল ভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত।	মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করতে হবে। সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।	যুগ্মপরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল)

বিবিধঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/সেল
০১.	বিএডিসি পাট-১ এবং ধানের বাংলাজিরা জাত হিসেবে অবমুক্তকরণ সংক্রান্ত।	বিএডিসি পাট-১ এবং ধানের বাংলাজিরা জাত হিসেবে অবমুক্তকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি।
০২.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণ সংক্রান্ত।	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড (Biometric Access Control System) বিতরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।

০২. আপনার বিভাগ/দপ্তরের সাথে সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন আগামী ০৯ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৪.০১.১৮

মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৬.২৭৪

তারিখঃ ২১ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ।
০৪ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (অর্থ/বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ), বিএডিসি, ঢাকা।
০২. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৪. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৫. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৬. ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক ও প্রধান সমন্বয়ক, বিএডিসি গবেষণা সেল, আলু বীজ বিভাগ, বিএডিসি, ঢাকা।
০৭. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।